

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

সার্কুলার নং- ০১

এ,

তারিখ : ১৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয় : হাইকোর্ট বিভাগের রায় ও আদেশ ওয়েবসাইটে আপলোড এবং প্রতিটি মামলা শুনানীঅন্তে মামলাসমূহের সংক্ষিপ্ত ফলাফল তাৎক্ষণিকভাবে দৈনিক কার্যতালিকায় (Online Cause List) এন্ট্রি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, Supreme Court Special Committee for Judicial Reforms-এর সুপারিশক্রমে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় হাইকোর্ট বিভাগের রায় ও আদেশ যাতে নিয়মিতভাবে ওয়েবসাইটে আপলোড করা হয় তা নিশ্চিত করার জন্য সুপ্রীম কোর্ট রেজিস্ট্রিতে কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে 'Web Upload Monitoring Team' গঠন করেছেন:

১. জনাব আলমগীর মুহাম্মদ ফারুকী, অতিরিক্ত রেজিস্ট্রার (সার্বিক), হাইকোর্ট বিভাগ;
২. জনাব মোঃ মোয়াজ্জেম হোছাইন, স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ;
৩. জনাব মোঃ মিজানুর রহমান, ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার), হাইকোর্ট বিভাগ;
৪. জনাব মোঃ শামীম সুফী, ডেপুটি রেজিস্ট্রার (রিসার্চ ইউনিট), হাইকোর্ট বিভাগ।

এমতাবস্থায়, 'Web Upload Monitoring Team' গঠনের বিষয়টি হাইকোর্ট বিভাগের বেঞ্চ অফিসার এবং সহকারী বেঞ্চ অফিসারদের অবহিত করাসহ তাঁদেরকে ওয়েবসাইটে রায় ও আদেশ আপলোড করার বিষয়ে বিদ্যমান নির্দেশাবলী কঠোরভাবে মেনে চলা এবং হাইকোর্ট বিভাগের আদালতসমূহে প্রতিটি মামলা শুনানীঅন্তে আদালত কর্তৃক ঘোষিত সংক্ষিপ্ত ফলাফল অনলাইনে তাৎক্ষণিকভাবে দৈনিক কার্যতালিকায় (Online Cause List) এন্ট্রি প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত

(মোঃ গোলাম রব্বানী)

রেজিস্ট্রার জেনারেল

ফোন: ০২-২২৩৩৮২৭৮৫

ইমেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং- ০৭

এ,

তারিখ : ১৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। রেজিস্ট্রার/রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। অতিরিক্ত রেজিস্ট্রার হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ৩। স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৪। ডেপুটি রেজিস্ট্রার হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ৫। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। বেঞ্চ অফিসার জনাব হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৮। সহকারী বেঞ্চ অফিসার জনাব হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৯। সুপারিনটেনডেন্ট, শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ১০। ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি (সকল)। মাননীয় বিচারপতি মহোদয়কে অবগত করানোর ব্যবস্থা গ্রহণ করবেন।
- ১১। অফিস কপি।

(মোঃ মিজানুর রহমান)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

ফোনঃ +৮৮০২২২৩৩৮১৮৬৫